দৈনিক বাংলা

তারিখ 07 AUG 1993
পৃষ্ঠা ১ কলাম ৪

# অবশেষে বুয়েটের ৯০–৯১ সেশনের পরীক্ষা পিছিয়েছে

বুয়েট রিপোর্টার : শেষ পর্যন্ত প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ১৯৯০–৯১ সেশনের পার্ট বি পরীক্ষার রুটিন পরিবর্তন হয়েছে। গত ৫ আগষ্ট একাডেমিক কাউন্সিলের সভায় রুটিন পরিবর্তনের এ সিদ্ধান্ত গৃহীত হয়। আগের রুটিনের ১৫ আগষ্টের পরিবর্তে এখন পরীক্ষা শুরু হবে ২৯ আগষ্ট।

উল্লেখ্য, পূর্বের রুটিনে ১৫ তারিখে শুরু হয়ে ৪ সপ্তাহ ধরে পরীক্ষা হওয়ার কথা ছিল। ছাত্র–ছাত্রীদের দাবী ছিল ৬ সপ্তাহ

(৭–এর পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

## অবশেষে বুয়েটের

(প্রথম পৃষ্ঠার পর)

ধরে পরীক্ষা নেয়ার। এখনকার রুটিনে পরীক্ষা হবে প্রায় ৮ সপ্তাহ ধরে। পরীক্ষার গ্যাপ বাড়ানোর দাবীতে ছাত্র–ছাত্রীদের মিছিলে পুলিশ টিয়ারগ্যাস নিক্ষেপ করে গত ২ আগষ্ট রাতে। এর পরদিন ৩ আগষ্ট এক প্রতিবাদ সভায় ইউকসু ও সর্বদলীয় ছাত্রঐক্য নেতৃবৃন্দ ছাত্রদের মিছিলে হামলার জন্য ভিসিকে দায়ী করেন এবং তার পদত্যাগ দাবী করেন। সাথে সাথে সকল ছাত্রছাত্রীর কাছে গ্রহণযোগ্য একটি রুটিন দেয়ার দাবী জানানো হয়।

নতুন রুটিন সম্পর্কে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে চতুর্থ বর্ষের একজন ছাত্র বলেন, ইউকসু ও সর্বদলীয় নেতৃবৃন্দের প্রস্তাব অনুযায়ী রুটিন হলে দু'সপ্তাহ সময় বেশী লাগত। কিন্তু পরিবর্তিত রুটিনের অধীনে আগের রুটিনের চেয়ে ৬ সপ্তাহ পর পরীক্ষা শেষ হচ্ছে। এই অতিরিক্ত প্রায় এক মাসের বেশী সময় নষ্ট করার কোন দরকার ছিল না। তিনি বলেন, কোন কোন বিভাগের রুটিনে দুটি পরীক্ষার মাঝে এত গ্যাপ রাখা হয়েছে, যার কোন দরকার ছিল না।

এদিকে ৫ আগষ্ট বিশ্ববিদ্যালয়ের হলে হলে নোটিশ বোর্ডে নতুন রুটিন টাঙ্গানো হলে ছাত্রদের অনেককেই বাড়িতে বা আত্মীয়–স্বজনের বাসায় বেড়াতে যেতে দেখা গেছে। বুয়েটের বেশকিছু সংখ্যক ছাত্র তাবলীগ জামাতের সাথে জড়িত। বৃহস্পতিবার রাতে তাদের অনেককেই বিছানাপত্র নিয়ে কাকরাইল মসজিদের উদ্দেশ্যে রওনা হতে দেখা গেছে। রুটিনে অতিরিক্ত সময় থাকায় হলের বেশীর ভাগ ছাত্রই আর পড়ার টেবিলে নেই। সপ্তাহ খানেকের ছুটি কাটানোর জন্য সবাই একটা পথ বের করে নিচ্ছে।